দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1992
পৃষ্ঠা ১ কলাম ৮

18

# এবারের এসএসসি পরীক্ষার ফল কেমন হবে?

• স্টাফ রিপোর্টার : এবার দেশের চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল একদিনে প্রকাশিত হচ্ছে না। কুমিল্লা বোর্ডের ফল আগামীকাল শনিবার প্রকাশের সম্ভাবনা রয়েছে। ঢাকা বোর্ডের ফল বেরুবে সম্ভবত ১৩ আগস্ট। রাজশাহী এবং যশোর বোর্ডের ফল ২০ আগস্টের মধ্যেই প্রকাশিত হচ্ছে। বিশ্বস্ত সূত্রে এ খবর জানা গেছে।

জানা গেছে, দেশে প্রথম বারেরমতো প্রবর্তিত নৈর্ব্যক্তিক প্রশ্নমালার ফলে চারটি বোর্ডেই প্রথম এবং তৃতীয় বিভাগেই ছাত্রছাত্রীদের পাশের সংখ্যা বেশী হতে পারে।

(৭-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এবারের এসএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

দ্বিতীয় বিভাগে পাসের সংখ্যা তুলনামূলকভাবে কম। অন্যান্য বছরের চাইতে এবছর চারটি শিক্ষাবোর্ডেই ছাত্রছাত্রীদের পাসের হার কম হতে পারে বলে জানা গেছে।

বিশ্বস্ত সূত্রে প্রকাশ, এবারের এসএসসি পরীক্ষায় শতকরা ৮০ জন ছাত্রছাত্রীই নৈর্ব্যক্তিক প্রশ্নে খুবই ভাল করেছেন। রচনামূলক প্রশ্নে ফল সে তুলনায় বিশেষ উজ্জ্বল নয়। অঙ্কে হতাশ করেছেন অনেকে। শোনা যাচ্ছে, এক্ষেত্রে বিভিন্ন বোর্ড ১০ থেকে ১৫ নাম্বার পর্যন্ত গ্রেস দিয়েছে।